

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১০৯৪  
খোয়াই, ৩ সেপ্টেম্বর, ২০২৪

পিএম-জনমন প্রকল্প  
তুলাশিখর ব্লকে শিবির

পিএম-জনমন প্রকল্পে গতকাল খোয়াই মহকুমার তুলাশিখর ব্লক কার্যালয় প্রাঙ্গণে এক শিবির অনুষ্ঠিত হয়। খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে পিএম-জনমন প্রকল্পে পার্টিকুলারলি ভার্নারেবল ট্রাইবেল গ্রুপের পরিবারগুলিকে ১০০ শতাংশ সহায়তা দেওয়ার লক্ষ্যে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১১টি আয়ুস্মান ভারত কার্ড, ১টি বনাধিকার আইনে জমির পাট্টা, ২৫টি আরওআর, ২৮টি এসটি, ৩৩টি পিআরটিসি ও ৫টি বার্থ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে ২৫ জনের আধার নিবন্ধীকরণ এবং স্বাস্থ্য দপ্তর থেকে ১৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। শিবিরে উপস্থিত ছিলেন মহকুমা প্রশাসনের ডিসিএম কিশোর দেববর্মা, তুলাশিখর ব্লকের বিডিও আবেদ এল ডার্লং, অতিরিক্ত বিডিও বিশ্ব দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*